


শুক্রবার ২ চৈত্র ১৪১৮

১৬ মার্চ ২০১২

ইন্ডোফানক



## রেয়ার আর্থ মিনারেলের সন্ধান পেয়েছেন জাপানের গবেষকরা

টোকিও বিশ্ববিদ্যালয়ের আর্থ সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ইয়াশুহিরো কাতোর নেতৃত্বে একদল বিজ্ঞানী সম্প্রতি 'রেয়ার আর্থ মিনারেলের' একটি বিশাল সংগ্রহের সন্ধান পেয়েছেন। হাওয়াই দ্বীপের পূর্ব ও পশ্চিম অংশ এবং ফ্রেঞ্চ পলিনেশিয়ার তাহিতির পূর্বে সাগরের সাড়ে তিন থেকে ছয় কিলোমিটার গভীরে বিরল এই খনিজের সন্ধান পাওয়া গেছে। ফ্ল্যাট স্ক্রিন টেলিভিশন কিংবা আইপড—সর্বাধুনিক এসব প্রযুক্তি তৈরির জন্য প্রয়োজন এই 'রেয়ার আর্থ মিনারেল'। এছাড়া কৃষিকাজ ও পশুপালনেও বিরল এসব খনিজ ব্যবহার করার সম্ভাবনা দেখা দিয়েছে। কিন্তু সমস্যা হলো বিশ্বের প্রায় ৯৫ শতাংশ 'রেয়ার আর্থ মিনারেলের' মালিক চীন। তাই সব দেশকে চীনের ওপর নির্ভর করতে হচ্ছে। চীনের নিজেরও যথেষ্ট এই খনিজ দরকার তাই গত কয়েক বছরে রপ্তানি কমিয়ে দেয়া হয়েছে। ফলে বিপদে পড়েছে অন্যান্য দেশ। বাধ্য হয়ে বিশ্বের নানান জায়গায় 'রেয়ার আর্থ মিনারেলের' খোঁজ চলেছে। জার্মানিতে এজন্য রীতিমত একটি জোট গঠন করা হয়েছে। বড় বড় সব কোম্পানি এই জোটের সদস্য। 'রেয়ার আর্থ মিনারেলের' খোঁজে যে খরচ হবে তা নিজেরা ভাগাভাগি করে নেবে জোটের সদস্যরা। এরই মধ্যে জাপানের গবেষকরা আশার বাণী শোনালেন। অত্যাধুনিক সামরিক যন্ত্রপাতি তৈরির জন্যও প্রয়োজন এই খনিজ। এরকম কিছু খনিজ হলো ল্যান্থানাম, নিওডাইমিয়াম এবং সিরিয়াম। -ডয়চে ভেলে